

ফোন :

অফিস : ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩

ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়

ওয়াদা ভবন, মতিবিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :

Office : 9511293, 9555133

Fax : 88-02-9564763

স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০২০(১ম খণ্ড)/৫৫

তারিখঃ ২৩-০৩-২০২০ খ্রিঃ

দপ্তরাদেশ

“চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার পোন্ডার নং-৭২ এর অন্তর্গত কালাপানিয়া, মুছাপুর, সারিকাইট ও মগধরা এলাকায় বঙ্গোপসাগরের ভাঙ্গন হতে বাঁধ (সী-ডাইক) রক্ষার্থে ঢাল সংরক্ষণসহ বাঁধ পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনঃগঠনের লক্ষ্যে মাঠ পর্যায়ের পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সম্ভাব্যতা যাচাই করে সুপারিশমালাসহ হালনাগাদ সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সম্মুখে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ ইতোপূর্বের সমীক্ষা সম্পাদন কমিটি পুনঃগঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।	আইবায়ক
২।	জনাব শিবেন্দু খান্জীর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, বাপাউবো, চট্টগ্রাম।	সদস্য
৩।	জনাব মোঃ মশিহুর রহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	জনাব মোঃ শাফাত হোসেন, গবেষণা কর্মকর্তা(পরিবেশ ও বন), চট্টগ্রাম পওর বিভাগ-১, বাপাউবো, চট্টগ্রাম।	সদস্য
৬।	জনাব মোহাম্মদ আব্দুর রশীদ, সিনিয়র স্পেশালিস্ট, কৃষি ও মৎস্য বিভাগ, সিইজিআইএস, ঢাকা।	সদস্য
৭।	নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-২, বাপাউবো, কক্সবাজার, চট্টগ্রাম।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনা পূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত হাওড় এলাকায় সাগর তীর ভাঙ্গনের কারণসহ মৌসুম ভিত্তিক গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় উপায় নির্ণয়/যাচাই করবেন;
 - প্রস্তাবিত এলাকায় জমি পুনরুদ্ধার, সংরক্ষণ ও ব্যবস্থাপনার নিরিখে বাঁধ/সী-ডাইক সংরক্ষণসহ লবণাক্ততা প্রবেশ রোধে স্থায়ী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, প্রোপ প্রটেকশন এবং সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা ও প্রবাহ বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোসমূহের মেরামত/ পুনর্বাসনসহ অন্যান্য কাজের বা জঙ্গ অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;
 - খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;
 - বাপাউবোর চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তন বিবেচনায় নিয়ে উপকূলীয় পোন্ডার এলাকার জন্য প্রয়োজ্য নকশা অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে প্রস্তৃতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে হালনাগাদ ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
 - প্রয়োজ্য ক্ষেত্রে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীববৈচিত্র্যের উপর প্রকল্পের প্রস্তাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;
 - প্রকল্পটি বা এর কোন অঙ্গ অন্যান্য পীঠ বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করণীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।
 - প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিসূক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;
 - প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করতঃ সুপারিশমালা প্রণয়ন করবেন;
 - বর্ণিত স্থান রসিদ সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;
 - কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।
- কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রহে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
 - মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।
 - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)

উপ-সচিব (পরিকল্পনা)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

১০০০/১
২৪/১৩